ঝিনাইদহ মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রীদের কারাতে প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে সদর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় মাধ্যমিক পর্যায়ে পড়ুয়া ছাত্রীদের মাস ব্যাপি কারাতে প্রশিক্ষণ শুরু হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা পরিষদ এলাকায় কারাতে প্রশিক্ষণ উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) শারমিন আক্তার সুমির সভাপতিত্বে প্রধান অতিথি জেলা প্রশাসক মনিরা বেগম কারাতে প্রশিক্ষণ উদ্বোধন করেন ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যন এড: আব্দুর রশিদ, সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার এস এম শাহীন, উপজেলা ভাইস চেয়ারম্যন রাশেদুর রহমান রাসেল ও সেফ সুইমিং একাডেমির পরিচালক মাহাফুজুর রহমান বিপ্লব।

মাস ব্যাপি কারাতে প্রশিক্ষণ প্ররিচালনা করবেন সোতোকান কারাতে দো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহাম্মেন লিকু। পৌর এলাকার চার টি মাধ্যমিক বিদ্যালয়ের ২০ জন ছাত্রী এই কারাতে প্রশিক্ষণে অংশ গ্রহন করবে।

কুষ্টিয়া মাধ্যমিক বিদ্যালয়ে

বিজ্ঞান শিক্ষার উন্নয়ন সেমিনারে বক্তারা

কুষ্টিয়ায় মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন প্রকল্প (পিএসই) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও ভবিষ্যত কর্মপন্থা নির্ধারন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টায় কুষ্টিয়া জেলা শিল্প কলা একাডেমির হলরুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

ফেয়ার এর আয়োজনে ও বাংলাদেশ ফ্রিডম ফাউণ্ডেশন (বিএফএফ) এর সহযোগীতায় এ সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা শিক্ষা অফিসার রমজান আলী আকন্দ।

ফেয়ার এর চেয়ারম্যান আ্যাড. মন্জুরী বেগমের সভাপতিত্বে এবং ফেয়ারের পরিচালক দেওয়ান আক্তারুজ্জামানের পরিচালনায় সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একরামুল হক সরকার, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, কুষ্টিয়া জেলা শিক্ষক সমিতির সভাপতি ও কলকাকলি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেব-উন-নেসা সবুজ। সেমিনারে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রকল্পের বিস্তারিত আলোকপাত করেন প্রকল্প কর্মকর্তা খুরশীদ আহমেদ শাওন।

সেমিনারে অভিজ্ঞতা শেয়ার করেন, লক্ষীপুর হাসানবাগ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুল আলম, আড়ুয়াপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উম্মে হাবিবা শান্তা, ঝাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম কুমার বিশ্বাস, নাট্যকর্মী আনোয়ার বাবু, সাংবাদিক হাসান আলী, সাংবাদিক হাসান জাহিদ, মনোয়ার আজমত আলী কলেজের সহকারী অধ্যাপক জামিরুল ইসলাম, সংগঠক হাফিজ সরকার, কুষ্টিয়া কালেক্টরেট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক মৃণাল কান্তি সাহা, আফসার উদ্দিন বালিকা মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা রেজাউল করিম, খাতের আলী কলেজের প্রভাষক শফিকুল ইসলাম প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন, আমরা সকালে ঘুম থেকে উঠে আবার রাতে ঘুমাতে যাওয়া পর্যন্ত বিজ্ঞানের সাথে আছি। বিজ্ঞান আমাদের কাজকে সহজ করে দিয়েছে। দূরকে নিকটে এনে দিয়েছে। বিজ্ঞান ছাড়া এখন কোন কিছু চিন্তাই করা যায় না। বিজ্ঞান ছাড়া জীবন এখন অচল। মেধার সাথে বিজ্ঞানের সমন্বয় ঘটালে অসম্ভবকে উৎরানো সম্ভব।

বিজ্ঞান ছাড়া মানুয়ের বাঁচার সুযোগ নেই উল্লেখ করে বক্তারা আরও বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় সমন্বিত পরিকল্পনার মাধ্যমে দেশীয়ভাবে প্রযুক্তির বিকাশ ঘটাতে হবে। অন্য দেশের ওপর নির্ভর করে টেকসই উন্নয়ন সম্ভব নয়। জীবনের জন্য ও চলার জন্য

বিজ্ঞান সবসময় প্রয়োজন। তথ্য প্রযুক্তি ও বিজ্ঞানে এগিয়ে যেতে পারলে আমরা হব অন্যান্য দেশের কাছে রোল মডেল বলেও উল্লেখ করেন তারা।

সেমিনারে জেলার বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সামাজেক ও স্বচ্ছাসেবী সংগঠনের প্রধানসহ সাংবাদিক ও এনজিও প্রতিনিধি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান ভীতি দূর করার লক্ষ্যে বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় ফেয়ার কুষ্টিয়া সদর উপজেলার ৩০ টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন করছে মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন (পিএসই) প্রকল্প।

কোটচাঁদপুরে শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধ, মাদকের কুফল, সামাজিক সাম্প্রতি, সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার প্রতিরোধে শিক্ষক ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল আজিজের সভাপতিত্ব। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহ।বিশেষ অতিথি হিসেবে মূল্যবান বক্তব্য রাখেন মডেল থানার অফিসার ইনচার্জ মইন উদ্দিন , উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বলেন,বাল্যবিবাহ,নারী শিশু নির্যাতন, মাদক একটি সামাজিক ব্যাধি। নারীর অগ্রযাত্রায় বাল্যবিবাহ

প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে। বাল্যবিবাহ নামক সামাজিক ব্যাধি প্রতিরোধের লক্ষ্যে সরকার বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ প্রণয়ন করেছে। উল্লেখপূর্বক প্রশাসনের পাশাপাশি সমাজের প্রত্যেক নাগরিককে নিজ নিজ জায়গা থেকে এগিয়ে আসার আহ্বান জানান।

এ সময় বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষকা, শিক্ষার্থী, অবিভাবক সহ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় বালক ফুটবল দল উপজেলা চ্যাম্পিয়ন

সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফাইনাল খেলায় বিজয়ীদের মাঝে আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ ও সমাপনি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (১০ সেপ্টেম্বর) দুপুরের দিকে সদর উপজেলার ঝাউবাড়িয়া ফুটবল মাঠে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিতছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব বিশ্বা স।

এসময় উপস্থিত ছিলেন, ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিয়ারুল ইসলাম, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আবুল কাশেম, সীমান্তে মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক মোহাম্মদ আলী প্রমূখ ।

জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় ফুটবলগ্রুপে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল। দাবা বালিকাতে চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী সাদিয়া তাবাচ্ছুম, দাবা বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয়ের ছাত্র তানজীফ রহমান, ফুটবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালিকা বিদ্যালয় ফুটবল দল, হ্যান্ডবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল, হ্যান্ডবল বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয় দল, কাবাডি বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল, কাবাডি বালকে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় দল, রিলেরেসে চ্যাম্পিয়ন হয়েছে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল।

ফুটবলে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বালিকা দল ফাইনালে

গাংনী উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবল বালিকাতে বামন্দী মাধ্যমিক বিদ্যালয়কে ১-০ গোলে পরাজিত করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বালিকা দল বিজয়ী হয়। একই দিন ফাইনাল খেলায় জোতি মাধ্যমিক বিদ্যালয়কে ৭-৬ গোলে পরাজিত করে বিজয় অর্জন করে।

শুক্রবার সকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

এদিকে মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবলে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়,কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় এবং মেহেরপুর

সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কোয়াটার ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

শুক্রবার (৯ সেপ্টেম্বন) সকালে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত খেলায় ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে কে আর আর এস মাধ্যমিক বিদ্যালয়কে।আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ২-০ গোলে বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়কে। কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে কলমিজোল মাধ্যমিক বিদ্যালয়কে এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ২-০ গোলে আমঝুপি আলিম মাদ্রাসাকে পরাজিত করে কোয়াটার ফাইনালে উঠেছে।